# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 02.06.2024** **Time: 7.35 A.M.**

---

## বিশেষ বিশেষ খবর –

১) সপ্তম দফার ভোট মিটতেই রাজ্যের নানা জায়গা থেকে বিক্ষিপ্ত হিংসার খবর আসতে শুরু করেছে।

২) নির্বাচন কমিশন জানিয়েছে, এরাজ্যে ভোট গননার পর থেকে ১৫ দিন কেন্দ্রীয় বাহিনী মোতায়েন থাকবে।

৩) সপ্তম তথা চূড়ান্ত দফায় রাজ্যের ৯'টি আসনে গড়ে ৭৩ শতাংশের বেশি ভোট পড়েছে। #সবথেকে বেশি প্রায় ৮৩ শতাংশ ভোট পড়েছে বসিরহাটে।

৪) বিজেপি, ডায়মন্ডহারবার লোকসভা কেন্দ্রের ২৩০টি বুথ সহ আরও বহু বুথে ফের নির্বাচনের দাবি জানাবে।

৫) দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু আরও অগ্রসর হয়ে উত্তরবঙ্গের জেলাগুলিতে পৌঁছে গেছে। দক্ষিণবঙ্গেও আজ বিক্ষিপ্ত ঝড়বৃষ্টির সম্ভাবনা।

---

সপ্তম দফার ভোট মিটতেই গতকাল রাজ্যের নানা জায়গা থেকে অশান্তির খবর এসেছে। দমদম লোকসভা কেন্দ্রের রাজারহাট গোপালপুর বিধানসভার বিধাননগর পুরনিগমের ৬নং ওয়ার্ডের ১নং বুথে বিজেপির পোলিং এজেন্ট ষাটোর্ধ্ব নকুল ভট্টাচার্যকে তৃণমূল কংগ্রেস সমর্থকরা মারধর করে বলে অভিযোগ। মাথা ফেটে যায় তাঁর। ভিআইপি রোড সংলগ্ন বেসরকারি হাসপাতালে তাঁকে ভর্তি করা হয়েছে। বিষয়টি

নিয়ে পুলিশে অভিযোগ দায়ের করেছে বিজেপি। দলের পক্ষ থেকে জানানো হয়, নির্বাচনচলাকালীন নকুলবাবু ছাপ্পা দিতে দেননি বলেই এই আক্রমণ।

----------------------

নদীয়ার কালিগঞ্জে দুস্কুতীদের হাতে খুন হয়েছেন বিজেপী কর্মী হাফিজুল শেখ। গত রাতে একটি চায়ের দোকানে তার ওপর হামলা হয়। কয়েকজন দুস্কৃতী মোটরবাইকে করে এসে কয়েক রাউন্ড গুলি করে পালিয়ে যায়। তার মাথায় গুলি লাগে। পুলিশ হাসপাতালে নিয়ে গেলে  চিকিৎসকরা মৃত ঘোষনা করেন।

----------------------

॥কলকাতা উত্তর কেন্দ্রের জোড়াসাঁকোর ৩৯ নম্বর ওয়ার্ডে কংগ্রেস নেতা ইন্তেখাব আখতারের উপর তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীরা গতকাল হামলা চালায়  বলে প্রদেশ কংগ্রেসের সাধারণ সম্পাদক আশুতোষ চট্টোপাধ্যায় অভিযোগ করেছেন। স্থানীয় তৃণমূল কংগ্রেস কাউন্সিলরের ভাইয়ের নেতৃত্বে তাঁকে মারধর করা হয় বলে অভিযোগ । ভোটার ও দলীয় কর্মীদের ভয় দেখাতেই এই কাজ করা হয়েছে বলে আশুতোষ চট্টোপাধ্যায় জানান। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককেও বিষয়টি জানানো হয়েছে।

----------------------

নির্বাচন কমিশন জানিয়েছে, ভোট পরবর্তী হিংসার মোকাবিলায় গণনার পরেও কয়েকটি রাজ্যে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন থাকবে। বিভিন্ন রাজ্যের নির্বাচন পর্যবেক্ষক ও কেন্দ্রীয় নির্বাচন পর্যবেক্ষকদের পাঠানো তথ্যের ভিত্তিতে কোথায় কোথায় বাহিনী থাকবে, তা নির্ধারণ করা হবে। অন্ধ্রপ্রদেশ এবং পশ্চিমবঙ্গে ভোটগণনার পর এক পক্ষ কাল কেন্দ্রীয় বাহিনী থাকবে বলে কমিশন জানিয়েছে। উত্তরপ্রদেশ, ওড়িশা, সিকিম এবং অরুণাচল প্রদেশে ভোটগণনার পর দুদিন কেন্দ্রীয় বাহিনী মোতায়েন থাকবে।

----------------------

অষ্টাদশ লোকসভা নির্বাচনে সপ্তম তথা চূড়ান্ত দফায় রাজ্যের ৯’টি আসনে গড়ে ৭৩ শতাংশের বেশি ভোট পড়েছে। সবথেকে বেশি প্রায় ৮৩ শতাংশ ভোট পড়েছে বসিরহাটে। এরপরই রয়েছে মথুরাপুর, এখানে ভোট পড়েছে ৮০ শতাংশের বেশি। জয়নগরে ৭৬ দশমিক ৬/৪, ডায়মন্ডহারবারে ৭৬ দশমিক ৬/২, বারাসাতেও ৭৬ শতাংশের কিছু বেশি, দমদমে ৭২ দশমিক ৩/৭, যাদবপুরে প্রায় ৭২ শতাংশ, কলকাতা দক্ষিণে ৬৪ দশমিক ৭/১ এবং কলকাতা উত্তরে প্রায় ৬০ শতাংশ ভোট পড়ার খবর মিলেছে।

একইসঙ্গে বরানগর বিধানসভা আসনের উপনির্বাচনেও গতকাল ভোট নেওয়া হয়। সেখানে ভোট পড়েছে প্রায় ৭০ শতাংশ।

----------------------

রাজ্যের ৯ টি আসনের নির্বাচনকে ঘিরে গতকাল বিক্ষিপ্ত কিছু গোলমালের খবর পাওয়া গেছে।

উত্তর ২৪ পরগণার বসিরহাট লোকসভা আসনের **সন্দেশখালির রাজবাড়ি** এলাকা তৃণমূল কংগ্রেস ও বিজেপি সমর্থকদের সংঘর্ষে রণক্ষেত্র হয়ে ওঠে। পুলিশের লাঠির আঘাতেএক মহিলার মাথা ফাটে বলে অভিযোগ। এই ঘটনার প্রতিবাদে মহিলারা সেখানে বিক্ষোভ দেখান। ঐ আসনের প্রার্থী রেখা পাত্র পুলিশের সঙ্গে বাদানুবাদে জড়িয়ে পড়েন। পরিস্থিতি সামলাতে পুলিশের পাশাপাশি নামানো হয় র‍্যাফ। কাঁদানে গ্যাসের শেল ফাটানো হয়। পুলিশ শাসকদলের হয়ে কাজ করছে বলে বিজেপি অভিযোগ তুলেছে।

এদিকে **বারাসাত** লোকসভার কদম্বগাছির কাঁঠালিয়া গ্রামে আইএসএফ এবং তৃণমূল কংগ্রেসের মধ্যে ব্যাপক সংঘর্ষ বাধে। অভিযোগ তৃণমূল কংগ্রেস সমর্থকরা আইএসএফ-এর একটি ক্যাম্পে হামাল চালায়।

দমদম লোকসভা কেন্দ্রে **খড়দার** নন্দনগড়ে বিজেপির জেলা সম্পাদককে ঘিরে বিক্ষোভ দেখান তৃণমূল কংগ্রেসের মহিলা কর্মীরা। বুথ পরিদর্শনে গিয়ে বিজেপির কলকাতা উত্তরের সহ সভাপতি শেখ রমজান আলির গাড়ি ভাঙচুরের অভিযোগ উঠেছে শাসক দলের বিরুদ্ধে।

অন্যদিকে, **বয়ারমাড়ি** এলাকায় বিজেপি কর্মী সমর্থকদের ভোট দিতে বাধা দেওয়ার খবর মেলে। এর প্রতিবাদে বাসন্তী হাইওয়ের ওপর বিক্ষোভ শুরু হলে, জনতা-পুলিশ সংঘর্ষ বাধে। পুলিশের ধড়পাকড়ের অভিযোগে গ্রামবাসীরা পথ অবরোধ করেন।

**বরানগর বিধানসভা** আসনের উপনির্বাচনকে ঘিরেও অশান্তি বাধে। বিজেপির প্রার্থী সজল ঘোষের কার্যালয়ে ভাঙচুর চালানোর অভিযোগ উঠেছে শাসকদলের বিরুদ্ধে।

---------------------

সকাল থেকে বিক্ষিপ্ত অশান্তির খবর পাওয়া গেলেও রাজ্যের ভোটপর্ব মোটের ওপরে শান্তিপূর্ণ ছিল বলে নির্বাচন কমিশন জানিয়েছে। গতসন্ধ্যায় রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব জানান, দিনভর কমিশনের কাছে ২ হাজার ৯৮৩ টি অভিযোগ জমা পড়ে। সন্দেশখালির অশান্তির ঘটনায় ২ জনকে গ্রেপ্তার করা হয়েছে। রাজনৈতিক সংঘর্ষে আহত হয়েছেন মোট ২৮ জন। এর মধ্যে ৪ জন পুলিশ কর্মী।

---------------------

বিজেপি ডায়মন্ড হারবার লোকসভা কেন্দ্রের ২৩০টি বুথ সহ আরো বহু বুথে পুনরায় নির্বাচনের দাবি জানাবে। কলকাতায় গতসন্ধ্যায় এক সাংবাদিক বৈঠকে বিরোধী

দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন, কেন্দ্রীয় নেতৃত্বের সঙ্গে আলোচনা করে নির্বাচন কমিশনের কাছে এই দাবি জানানো হবে। পাশাপাশি প্রতিটি বুথে ওয়েব ক্যাস্টিং বাধ্যতামূলক করা সত্ত্বেও প্রায় ৮০০টি বুথে ক্যামেরা নিষ্ক্রিয় ছিল বলেও তিনি অভিযোগ করেন।

-----------------------

বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেন, এ রাজ্যে আইনশৃঙ্খলা ভেঙে পড়েছে। গতকাল সারাদিনই বিভিন্ন এলাকায় শাসকদলের কর্মী সমর্থকরা, বিরোধীদের ওপর হামলা চালায় বলে সুকান্তবাবুর অভিযোগ। দলের মুখপাত্র রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য্য বলেন,

বাইট

সিপিআইএমের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিমও সন্ত্রাসের অভিযোগ করে বলেন, শাসক তৃণমূল কংগ্রেসের মদতে বিভিন্ন এলাকায় অশান্তি হয়েছে। বাম কংগ্রেস জোটের প্রতি জনসমর্থন বাড়ার কারণেই এভাবে হামলা বলে তাঁর অভিযোগ।

বাইট

প্রদেশ কংগ্রেস  সভাপতি অধীর রঞ্জন চৌধুরী বলেন, তৃণমূল কংগ্রেস বুঝতে পেরেছে সন্ত্রাস ছাড়া তাদের জেতার কোনো সম্ভাবনা নেই।

বাইট

এদিকে, মানুষ মোদী সরকারের বিরুদ্ধে স্বতঃস্ফূর্তভাবে ভোট দিয়েছে। আগামী চৌঠা জুন তার প্রতিফলন ভোট বাক্সে দেখা যাবে বলে তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় মন্তব্য করেছেন।

বাইট

------------------------

আগামী মঙ্গলবার লোকসভা নির্বাচনের গণনার আগে গতকালই বিভিন্ন বেসরকারি টিভি চ্যানেলের বুথ ফেরত সমীক্ষায় বিজেপি নেতৃত্বাধীন এনডিএ জোটকে বিজয়ী দেখানো হয়েছে। ২৭২ টির অনেক বেশি আসন পেয়ে তারা সরকার গড়বে বলে অধিকাংশ সমীক্ষা পূর্বাভাস দেয়। বেশিরভাগ বুথ ফেরত সমীক্ষাতেই এনডিএ জোট ৩৫০ টির বেশি আসন পাবে বলে জানানো হয়েছে। বিরোধী ইন্ডি জোট পাবে ১২৫ থেকে দেড়শোটি আসন।

উল্লেখ্য এবারের নির্বাচনে বিজেপির সঙ্গে ইন্ডি জোটের সরাসরি লড়াই হয়েছে।

------------------------

দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ু আরও অগ্রসর হয়ে উত্তরবঙ্গের জেলাগুলিতে পৌঁছেছে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে। এর প্রভাবে আগামী ৪ তারিখ পর্যন্ত উত্তরবঙ্গে পাঁচ জেলা এবং উত্তর দিনাজপুরে ভারি বর্ষণের পূর্বাভাস রয়েছে। আজ ভারি থেকে অতি ভারি বর্ষণের কমলা সতর্কতা রয়েছে কোচবিহার ও আলিপুরদুয়ার জেলায়। হলুদ সতর্কতা রয়েছে জলপাইগুড়ি, দার্জিলিং, কালিম্পং, উত্তর দিনাজপুরে।

কলকাতায় গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের চেয়ে ২ ডিগ্রি নীচে।

আজ রবিবারও কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বজ্রবিদ্যুত্ সহ বৃষ্টি এবং ঝোড়ো হাওয়ার পূর্বাভাস রয়েছে।

এদিকে, আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে, সমুদ্রে জলস্ফীতির কারণে উপকূল অঞ্চলে ঢেউ বৃদ্ধি পেতে পারে। আজ রাত সাড়ে ১১টা পর্যন্ত এই পরিস্থিতি বজায় থাকবে। এই সময় ঢেউ-এর সর্বোচ্চ উচ্চতা হতে পারে ১ থেকে ১ দশমিক দুই মিটার পর্যন্ত। তবে মৎস্যজীবীদের জন্য কোনো সতর্কবার্তা নেই।

----------------------

জলের দাবিতে শিলিগুড়ি পুরসভার সামনে বিজেপি মহিলা মোর্চার বিক্ষোভকে কেন্দ্র করে পরিস্থিতি উত্তপ্ত হঠে। ডাবগ্রাম-ফুলবাড়ির বিজেপি বিধায়ক শিখা চট্টোপাধ্যায়ের নেতৃত্বে দলের কর্মী সমর্থকরা গতকাল পুরনিগমের সামনে মাটির কলসি নিয়ে বিক্ষোভ দেখান। পুরসভার ভিতরে ঢুকে মেয়র গৌতম দেবের সঙ্গে কথা বলতে চান বিক্ষোভকারীরা। পুলিশ তাদের বাধা দিলে দু পক্ষের ধস্তাধস্তি শুরু হয়। পরে সাংবাদিকদের শিখা চট্টোপাধ্যায় বলেন, দূষিত জল খেয়ে প্রচুর মানুষ অসুস্থ হয়ে পড়েছেন। অবিলম্বে মেয়রের পদত্যাগের দাবি জানিয়েছেন তিনি।

উল্লেখ্য, গতকালও পুরসভার পক্ষ থেকে ৪৭ টি ওয়ার্ডে জল সরবরাহ করা হয়। বিলি করা হয় তিন লক্ষ জলের পাউচ। বুধবার থেকেই শিলিগুড়িতে পানীয় জলের সঙ্কট দেখা দিয়েছে। পুরসভার পক্ষ থেকে জল সরবরাহ করা হলেও তা পর্যাপ্ত না হওয়ায় চলছে বিক্ষোভ।

----------------------  ----------------------